

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
আইসিটি শাখা
www.noakhali.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫০০.০১৫.৪১.০২৬.১৮.৩৯২

তারিখ: ২৭ অগ্রহাষণ ১৪২৫

১১ ডিসেম্বর ২০১৮

বিষয়: বিজয় ফুল উৎসবে মুক্তিযুদ্ধের ইতিহাসের ওপর নির্মিত ডিজিটাল কুইজ প্ল্যাটফর্ম 'ফুলবন্ধু' প্রতিযোগিতায় অংশগ্রহণ সংক্রান্ত

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ০৬ ডিসেম্বর, ২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৫১২.৩৫.১২৪.১৮.৫১২ নম্বর স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, আগামী ১৩ ডিসেম্বর, ২০১৮ তারিখ পর্যন্ত 'ফুলবন্ধু' কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে ষষ্ঠ হতে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের অবগত করার জন্য সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ বিষয়টি ব্যাপক প্রচারের লক্ষ্যে স্ব-স্ব/অধিনস্ত অফিসের ওয়েব পোর্টালে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে -০২ (দুই) ফর্দ



১১-১২-২০১৮

আফরোজা হাবিব শাপলা

সহকারী কমিশনার

বিতরণ :

- ১) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, নোয়াখালী
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫০০.০১৫.৪১.০২৬.১৮.৩৯২/১(৪)

তারিখ: ২৭ অগ্রহাষণ ১৪২৫

১১ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, নোয়াখালী
- ২) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, নোয়াখালী
- ৩) সহকারী প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী [জরুরি ভিত্তিতে 'ফুলবন্ধু' সংক্রান্ত পত্রটি নোয়াখালী ওয়েব পোর্টাল-এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য]
- ৪) অফিস নথি



১১-১২-২০১৮

আফরোজা হাবিব শাপলা

সহকারী কমিশনার

পত্রপ্রাপ্তির তারিখ: ১২/১৮
পত্র উপস্থাপনের তারিখ:
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগ মন্ত্রি প্রশাসন সংযোগ অধিশাখা www.cabinet.gov.bd
নম্বর: ০৪.০০.০০.০৫২.৩৫.১২৪.১৮.৫১২

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৫
০৬ ডিসেম্বর ২০১৮

বিষয়: বিজয় ফুল উৎসবে মুক্তিযুদ্ধের ইতিহাসের ওপর নির্মিত ডিজিটাল কুইজ প্ল্যাটফর্ম 'ফুলবন্ধু' প্রতিযোগিতায় অংশগ্রহণ সংক্রান্ত।

সূত্র: এটুআই প্রকল্পের স্মারক নম্বর: ০৩.৮০৫.০০৩.০০.০০.০২১.৯৭৮ তারিখ: ০৫.১২.২০১৮

বিজয় ফুল উৎসবে দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয়ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সঙ্গীত প্রতিযোগিতা আয়োজন বিভাগীয় পর্যায়ে ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই-এর সহযোগিতায় বিজয়ফুল উৎসবের অংশ হিসেবে মুক্তিযুদ্ধের ধারাবাহিক ইতিহাসের ওপর নির্মিত ডিজিটাল কুইজ প্ল্যাটফর্ম 'ফুলবন্ধু' মোবাইল অ্যাপস ও ওয়েবসাইট প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে উক্ত ডিজিটাল কুইজ প্ল্যাটফর্মের বিষয় কিশোর-কিশোরীদের ডিজিটাল প্ল্যাটফর্ম 'কিশোর বাতায়ন' ও শিক্ষকদের ডিজিটাল প্ল্যাটফর্ম 'শিক্ষক বাতায়ন'-এর মাধ্যমে প্রচারিত হচ্ছে।

০২। 'ফুলবন্ধু' কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে কিশোর বাতায়নের www.konnect.edu.bd-এ ফুলবন্ধু ব্যানারে ক্লিক করতে হবে। এটি সরাসরি ফুলবন্ধু পেজে নিয়ে যাবে। শিক্ষার্থীরা চাইলে ওয়েব পোর্টালে রেজিস্ট্রেশন অথবা ওয়েবসাইট থেকেই মোবাইল অ্যাপস ডাউনলোড করে রেজিস্ট্রেশনপূর্বক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। প্রতি শিক্ষার্থী কর্তৃক তার অথবা তার অভিভাবকের মোবাইল নাম্বার ও প্রয়োজনীয় তথ্য দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। প্রতিযোগিতা আগামী ১৩ই ডিসেম্বর ২০১৮ পর্যন্ত চলবে। কুইজে মোট সাতটি লেভেলের মধ্যে সময় ও সঠিক উত্তরের ভিত্তিতে প্রতি লেভেলে স্কোর তৈরি হবে। উক্ত স্কোরের মধ্যে সর্বোচ্চ নম্বরধারী ১০০ জনকে বিজয়ী হিসেবে পুরস্কৃত করা হবে। ডিজিটাল মাধ্যমে শিক্ষার্থীদের সক্ষমতা বৃদ্ধি ও মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানতে 'ফুলবন্ধু' কুইজ প্রতিযোগিতা একটি অনবদ্য মাধ্যম।

০৩। এমতাবস্থায়, আগামী ১৩ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ষষ্ঠ হতে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের অবগত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ প্রতিযোগিতা সংক্রান্ত যে কোনো বিষয়ে ই-মেইলে (helpline@fulbondhu.net) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে এক পৃষ্ঠা।

(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব

ফোন: ০২-৯৫৭৫৪৪৭

ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

জেলা প্রশাসক

... (সকল)।

স্মারক নং-৩০.১০৫.০০৩.০০.০০.০২১.১৮-৩৩৫০/১৬

তারিখ: ০৫ ডিসেম্বর ২০১৮ ইং

বিষয়: বিজয়ফুল উৎসবে মুক্তিযুদ্ধের ইতিহাসের উপর নির্মিত ডিজিটাল কুইজ প্ল্যাটফর্ম 'ফুলবন্ধু' প্রতিযোগিতা প্রচারণা সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের তত্ত্বাবধানে এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের সহযোগিতায় বিজয়ের মাস ডিসেম্বরে 'বিজয়ফুল' উৎসব আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। 'বিজয়ফুল' উৎসবের অংশ হিসেবে মুক্তিযুদ্ধের ধারাবাহিক ইতিহাসের উপর নির্মিত ডিজিটাল কুইজ প্ল্যাটফর্ম 'ফুলবন্ধু' মোবাইল আপস ও ওয়েবসাইট প্রভুত করা হয়েছে। ইতোপূর্বে শিক্ষার্থীদের জন্য প্রস্তুতকৃত "কিশোর বাতায়ন" এবং শিক্ষকদের ডিজিটাল প্ল্যাটফর্ম "শিক্ষক বাতায়ন" এর মাধ্যমে "ফুলবন্ধু" কুইজ প্রতিযোগিতাটি ২৮ অক্টোবর, ২০১৮ তারিখ হতে প্রচারিত হচ্ছে। কুইজ প্রতিযোগিতাটি সারাদেশে শিক্ষার্থীদের মধ্যে আলোড়ন সৃষ্টি করেছে এবং তাদের মধ্যে ব্যাপক আগ্রহ ও উৎসাহ লক্ষ্য করা গেছে। 'ফুলবন্ধু' কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের পদ্ধতি নিম্নরূপঃ

কিশোর বাতায়নের www.konnect.edu.bd এ ফুলবন্ধু ব্যানারে ক্লিক করতে হবে। শিক্ষার্থীরা চাইলে ওয়েব পোর্টালে রেজিস্ট্রেশন করে অথবা ওয়েবসাইট থেকেই মোবাইল আপস ডাউনলোড করে রেজিস্ট্রেশন করে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। প্রতি শিক্ষার্থী তার অথবা তার অভিভাবকের মোবাইল নাম্বার ও প্রয়োজনীয় তথ্য দিয়ে রেজিস্ট্রেশন করবে। প্রতিযোগিতা আগামী ১৩ই ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত চলবে। কুইজে মোট ৭ টি লেভেলের মধ্যে সময় ও সঠিক উত্তরের ভিত্তিতে প্রতি লেভেলে স্কোর তৈরি হবে। উক্ত স্কোরের মধ্যে সর্বোচ্চ নম্বরধারী ১০০ জনকে বিজয়ী হিসেবে পুরস্কৃত করা হবে।

২। এমতাবস্থায়, ডিজিটাল মাধ্যমে শিক্ষার্থীদের সক্ষমতা বৃদ্ধি ও মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানতে 'ফুলবন্ধু' কুইজ প্রতিযোগিতায়, সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে, সারাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ষষ্ঠ হতে দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীদের আহ্বান জানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। একইসাথে বিষয়টি জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে অবহিত রাখা যেতে পারে।

সংলগ্নঃ বর্ণনামতে।

সচিব (সমন্বয় ও সংস্কার)
 মন্ত্রিপরিষদ বিভাগ
 বাংলাদেশ সচিবালয়
 ঢাকা।



মোঃ মোতাক্কির-রহমান, পিএএ
 প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
 ৫৫০০৬৯৩১-৩৪
 mdmustafiz@a2i.gov.bd

'ফুলবন্ধু' প্রতিযোগিতা বিষয়ে জিজ্ঞাসার জন্য helpline@fulbondhu.net এ ইমেইল করতে হবে